

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৩.১৯.১৭৬

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৬
০৭ জুন ২০১৯

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর ক্যাপ্টেন ফজল মাহমুদ চৌধুরী গত ০৫ জুন ২০১৯ তারিখ ১৬.৩০ ঘটিকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর ফ্লাইট নম্বর বিজি-১২৫ যোগে ঢাকা থেকে দোহা ভ্রমণকালে দোহার হামাদ আন্তর্জাতিক বিমানবন্দরে পাসপোর্টবিহীন অবস্থায় কাতার ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিকট আটক হন। অনাকাঙ্ক্ষিত এ ঘটনায় সংশ্লিষ্ট ক্যাপ্টেনের পাসপোর্টবিহীন বিমানে ভ্রমণ এবং ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলার বিষয়টি তদন্ত করার জন্য সরকার নিম্নরূপ একটি আন্তঃমন্ত্রণালয় তদন্ত কমিটি গঠন করেছে:

(১) কমিটির গঠন:


- | | |
|---------------------------------------------------------------------------------------------------|------------|
| (ক) মোসাম্মৎ নাসিমা বেগম, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | আহ্বায়ক |
| (খ) জনাব মোঃ হেলাল মাহমুদ শরীফ, যুগ্মসচিব, রাজনৈতিক-৪, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (গ) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী, যুগ্মসচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (ঘ) জনাব মোঃ জাহাংগীর আলম, যুগ্মসচিব, রাজনৈতিক-১, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য-সচিব |

(২) কমিটির কর্মপরিধি:

- (ক) ক্যাপ্টেন ফজল মাহমুদ চৌধুরীর পাসপোর্টবিহীন অবস্থায় দোহা ভ্রমণের কারণ অনুসন্ধান;
(খ) এ ঘটনায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলার বিষয়ে দায়-দায়িত্ব নিরূপণ; এবং
(গ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের কার্যপদ্ধতির ত্রুটি নিরূপণ।

(৩) কমিটি বিষয়টি জরুরিভিত্তিতে তদন্তপূর্বক তিন কর্মদিবসের মধ্যে মন্ত্রিপরিষদ সচিবের নিকট একটি প্রতিবেদন দাখিল করবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(গাজী তারিক সালমন)
সিনিয়র সহকারী সচিব

নম্বর: ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৩.১৯.১৭৬

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৬
০৭ জুন ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৫। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৬। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৭। জনাব----- মন্ত্রণালয়/বিভাগ (তদন্ত কমিটির সদস্য)।
- ৮। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, কুর্মিটোলা, ঢাকা।